ভোরের কাগজ

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ... ... কলাম ... ...

মদ্রাসা সুপারের বিরুদ্ধে অভিযোগ

# ভুয়া শিক্ষিকার নামে টাকা তুলে আত্মসাৎ

**কাপাসিয়া প্রতিনিধি :** কাপাসিয়া রায়েদ দারুসুন্নাহ দাখিল মদ্রাসার সুপার মাওলানা জালাল উদ্দিনের বিরুদ্ধে ভুয়া শিক্ষিকার নামে ব্যাংক থেকে প্রায় ৩০ হাজার টাকা তুলে আত্মসাতের অভিযোগ পাওয়া গেছে। অগ্রণী ব্যাংক, কাপাসিয়া শাখার ব্যবস্থাপক শামসুল আলম অভিযোগের সত্যতা স্বীকার করেছেন।

অভিযোগে জানা গেছে, কাপাসিয়া উপজেলার লোহাদী গ্রামের আঃ ওহাব মাস্টারের মেয়ে শামীমা সুলতানা এক সময় ঐ মাদ্রাসায় শিক্ষকতা করতেন। ৩ বছর আগে তিনি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষিকা পদে নিয়োগপ্রাপ্ত হয়ে বর্তমানে স্থানীয় হারিয়াদী সরকারি প্রাথমিক বিদ্যালয়ে কর্মরত রয়েছেন।

মদ্রাসা সুপার এ ৩ বছরের বিভিন্ন সময়ে কাপাসিয়া উপজেলা শাখা অগ্রণী ব্যাংকের ৮৯১০ নম্বর একাউন্ট থেকে মোট ২৮ হাজার ৭০০ টাকা উত্তোলন করেন। ...র্বশেষ ১৪৭৭৬৯৮ নং চেকের মাধ্যমে ...া উত্তোলনের পর এ তথ্য প্রকাশ পায়। ...বাসীর কাছ থেকে জানা যায়, সুপার ...্য দুর্নীতির সঙ্গেও জড়িত।